

### ৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (UHFPO):

- (১) উপজেলা নিবাহী কর্মকর্তার সাথে সমন্বয় সাধন করে উপজেলা পরিষদের দিকনির্দেশনা অনুযায়ী কাজ করা।
- (২) উপজেলা ও তার নিম্ন পর্যায়ে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কার্যক্রমের পেশাগত ও প্রশাসনিক তদারকি করা।
- (৩) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীর নিয়ন্ত্রণকারী কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন।
- (৪) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা উভয় বিভাগের জন্য তহবিল বরাদ্দকারী কর্মকর্তা হিসাবে কাজ করা এবং তহবিলের যথাপযুক্ত ব্যবহার নিশ্চিত করা। স্বাস্থ্য বিভাগ থেকে বরাদ্দকৃত তহবিলের আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হিসাবে কাজ করার জন্য আবাসিক মেডিকেল অফিসার বা অন্য কোন মেডিকেল অফিসারকে নিয়োগ করা।
- (৫) উপজেলা স্বাস্থ্য প্রকল্পের ব্যবস্থাপনা, প্রশাসন এবং রক্ষণাবেক্ষণ।
- (৬) তাহার এলাকায় বন্ধ্যাকরণ অস্ত্রপচারসহ সকল প্রকার পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়নের জন্য দায়ী থাকা।
- (৭) উপজেলায় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক সব ধরনের প্রশিক্ষণের দায় দায়িত্ব গ্রহণ।
- (৮) ক্লিনিকাল কাজকর্ম সম্পাদন এবং স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ কার্যক্রমের পেশাগত তদারকির জন্য মেডিকেল অফিসারদের মধ্যে দায়িত্ব বন্টন। মাঠ পর্যায়ের কর্মীদের মধ্যে দায়িত্ব বন্টন এবং কাজের ক্ষেত্র বা এলাকা বন্টন।
- (৯) উপজেলা স্বাস্থ্য প্রকল্পে প্রয়োজনীয় তথ্য ও স্ট্যাটিসটিস সংরক্ষণের নিশ্চয়তা প্রদান এবং উর্ধ্বতন কর্মকর্তাকে প্রয়োজনীয় প্রতিবেদন প্রদান।
- (১০) স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ কাজের সমস্যা ও অগ্রগতির সাথে নিজেদেরকে পরিচিত করার জন্য নিয়মিত গ্রাম ও ইউনিয়ন পরিদর্শন করা।
- (১১) তাকে নিশ্চিত করতে হবে যেন তার অধীনস্থ কর্মকর্তা ও সুপারভাইজার (তদারককারী) ইউনিয়ন পরিষদের স্কুল গুলোর সাথে এবং নির্দিষ্ট প্রতিনিধিত্বকারী দলের সাথে সঠিক যোগাযোগ রাখেন, যাতে করে উক্ত এলাকা নিয়মিত তদারক করা যায়।
- (১২) ভাণ্ডারের জন্য সময়মত সম্পদ সংগ্রহ করা, ভাণ্ডার থেকে বিতরণ করা এবং ভাণ্ডারের যথাযথ ব্যবহারের জন্য দায়ী থাকা।
- (১৩) নিম্নলিখিত উপাদান সম্বলিত প্রাথমিক স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়ন করা :-
  - (ক) ছোয়াচে রোগ নিয়ন্ত্রণ।